

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
উপজেলা সমবায় অফিস
নোয়াখালী সদর, নোয়াখালী।
coop.sadar.noakhali.gov.bd

স্মারক নং-৪৭.৬১.৭৫৮৭.০০০.০৬.০০৩.২২-৮৩

তারিখ : ২০/১২/২০২৩ খ্রি.

বিষয় : স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক সভা অনুষ্ঠান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে এতদ্বারা সংশ্লিষ্ট সকলে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর আওতায় আগামী ২৪/১২/২০২৩ খ্রি. তারিখ রবিবার সকাল ১১:০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে “স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ” বিষয়ক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় অংশগ্রহণের জন্য আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচী:

- ০১। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সমবায় বিভাগের করণীয়।
- ০২। বিবিধ।

(মিনু প্রভা ভৌমিক)

উপজেলা সমবায় অফিসার
নোয়াখালী সদর, নোয়াখালী।

ফোন: ০২৩৩৪৪৯১৩৫৭

ই-মেইল : ucosadar@yahoo.com

বিতরণ:

০১. জনাব, সহকারী পরিদর্শক/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর/অফিস সহায়ক, উপজেলা সমবায় কার্যালয়, নোয়াখালী সদর, নোয়াখালী।
০২. জেলা সমবায় অফিসার, নোয়াখালী। মহোদয় এর সদয় অবগতির জন্য।
০৩. অফিস কপি।

উপজেলা সমবায় কার্যালয়, নোয়াখালী সদর, নোয়াখালী কর্তৃক আয়োজিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন অংশে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর আওতায় “স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ” বিষয়ক সভার কার্যবিবরণীঃ

স্থান : উপজেলা সমবায় অফিসারের অফিস কক্ষ
তারিখ : ২৪/১২/২০২৩ খ্রি.
সময় : সকাল ১১:০০ ঘটিকা

উপস্থিতি :

ক্র: নং	নাম ও পদবী	উপস্থিতির স্বাক্ষর
১।	মিনু প্রভা ভৌমিক উপজেলা সমবায় অফিসার	
২।	সামছু উদ্দিন চৌধুরী সহকারী পরিদর্শক	
৩।	মোহাম্মদ সামছু উদ্দিন সহকারী পরিদর্শক	
৪।	তৃণা দাস অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	
৫।	মো: আবুল কালাম অফিস সহায়ক	

সভার শুরুতে সভাপতি ও উপজেলা সমবায় অফিসার, নোয়াখালী সদর, নোয়াখালী কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন অংশে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর আওতায় “স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ” বিষয়ক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বিষয়ক কর্মপরিকল্পনায় “স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ” বিষয়ক সভায় সকলের দৃষ্টি আকর্ষণ পূর্বক অবহিত করেন যে, সমবায় বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীগণকে স্মার্ট বাংলাদেশ বিষয়ে অধিকতর জ্ঞান অর্জন, কর্মদক্ষতা অর্জন সর্বোপরি স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে করণীয় লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে তিনি সকলকে ডিজিটাল প্রযুক্তির নিত্যনতুন উদ্ভাবনের পথ ধরে আসা চতুর্থ বিপ্লবের বিজয়ে এগিয়ে যাওয়া বর্তমান সরকারের বহুমাত্রিক কর্মপরিকল্পনা কর্মকৌশল বাস্তবায়নে সকলকে আহ্বান জানান।

সভাপতি জানান যে, ভবিষ্যতে স্মার্ট বাংলাদেশ হবে শাস্রয়ী, টেকসই, জ্ঞানভিত্তিক, বুদ্ধিদীপ্ত এবং উদ্ভাবনী সবকাজেই হবে স্মার্ট। তিনি আরো বলেন স্মার্ট বাংলাদেশ গড়ার স্তম্ভ ০৪ টি। ১) স্মার্ট সিটিজেন, ২) স্মার্ট সোসাইটি, ৩) স্মার্ট গভর্নেন্ট, ৪) স্মার্ট ইকোনমি। স্মার্ট বাংলাদেশে প্রযুক্তির মাধ্যমে সবকিছু সম্পন্ন হবে এবং সমগ্র অর্থনীতি পরিচালিত হবে। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের চ্যালেঞ্জ মোকাবেলা ও করণীয় বিষয়ে সংশ্লিষ্ট সকলের মাইন্ডসেট পরিবর্তনের আহ্বান জানিয়ে সভাপতি বলেন, সরকারের সকল সেক্টরের পাশাপাশি সমবায় সেক্টরকেও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ভূমিকা রাখতে, সমবায় সমিতিগুলোকে টেকসই করে গড়ে গুলতে সকল কর্মকর্তা/কর্মচারীকে ভূমিকার রাখতে হবে।

পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মিনু প্রভা ভৌমিক)

উপজেলা সমবায় অফিসার
নোয়াখালী সদর, নোয়াখালী।

ফোন: ০২৩৩৪৪৯১৩৫৭

ই-মেইল : ucosadar@yahoo.com